

2020
BENGALI
[HONOURS]
Paper : VI

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫
- ক) 'Epic' শব্দটি কোন্ গ্রীক শব্দ থেকে এসেছে?
- খ) বাংলা ভাষার যে-কোনো একটি পত্রকাব্যের নাম লেখো।
- গ) 'দয়ার সাগর তুমি। করো দয়া মোরে', — এখানে বক্তা কে?
- ঘ) 'জগতের মাঝে কত বিচিত্র তুমি হে' — এখানে 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে?
- ঙ) 'বীরাস্তনা' কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
- চ) 'আমরা যে কালো, তুমি ভালো জান, নহে তাহা অপরাধ' — এখানে 'তুমি' বলে কাকে সম্বোধন করা হয়েছে?
- ছ) '... ধন্য সে সুখ চোর' — কার উদ্দেশ্যে এই মন্তব্যটি এখানে করা হয়েছে?

- জ) 'কোথায় হরিণ আজ হতেছে শিকার বনের ভিতরে আজ শিকারীরা আসিয়াছে,' — এখানে কোন্ ঋতুর কথা উল্লিখিত হয়েছে?

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) 'ভোরের পাখি' কাকে সম্বোধন করা হয়? বাংলা ভাষায় একটি সার্থক গীতিকবিতার নাম লেখো।
- খ) 'বীরাস্তনা' কাব্যটি কবি মধুসূদন দত্ত কাকে উৎসর্গ করেন? এই কাব্যে মোট কতগুলি পত্র আছে?
- গ) 'কি বলিয়া সম্বোধিবে, হে সুধাংশুনিধি,' — এখানে বক্তা কে? কার উদ্দেশ্যে এরূপ মন্তব্য?
- ঘ) 'যুগ যুগান্তর হতে তুমি শুধু বিশ্বের প্রেয়সী' — উল্লিখিত অংশটি কোন্ কবিতার অংশ? কার সম্পর্কে এই মন্তব্যটি করা হয়েছে?
- ঙ) 'নতুন করিয়া লহ আরবার চির-পুরাতন মোরে।' — এখানে বক্তা কে? কার সম্পর্কে এরূপ মন্তব্য?
- চ) 'কে জানে কোথায় শেষ মানব পরানে।' উক্ত উদ্ধৃতিটির মূল কবিতা ও কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- ছ) 'তুমি মোরে দানিয়াছ খ্রিস্টের সম্মান' — কোন্ কবিতার অংশ? এখানে 'তুমি' শব্দটি কার উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে?
- জ) 'প্রতি শনিবারই চিঠিতে প্রেয়সী গালি দেন ...।' — উদ্ধৃত অংশটিতে কার উদ্দেশ্যে এই গালিবর্ষণ? কী বলে গালি দেওয়া হয়?

- ঝ) ‘একটি চোখ রক্ত-টেঁড়শ, চলচ্ছক্তিহীনও।’— উক্ত উদ্ধৃতিটিতে কার সম্পর্কে এরূপ মন্তব্য করা হয়েছে? মূল কবিতার নাম উল্লেখ করো।
- ঞ) বাংলা ভাষায় রচিত একটি সাহিত্যিক মহাকাব্যের নাম ও সেই সঙ্গে কবির নামও উল্লেখ করো।
- ট) ‘নড়বড়ে খুঁটি ধরে দক্ষ ঘরের।’— উক্ত অংশটি কোন্ কবির লেখা? কার সম্পর্কে এই কথা বলা হয়েছে?
- ঠ) ‘তোমরা ভুলে যেওনা আমাকে’ — বক্তা কে? মূল কবিতার নাম লেখো।
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৫ = ৩০$
- ক) চিত্রকল্প বলতে কী বোঝো? একটি দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও। $৩ + ৩ = ৬$
- খ) যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো :
মহাকাব্য, ক্লাসিসিজম, রোমান্টিসিজম
- গ) ‘মোমের প্রতি তারা’ পত্রে তারা চরিত্র কতটা বিদ্রোহিনী হয়ে উঠেছে তা আলোচনা করো।
- ঘ) ‘দারিদ্র্য’ কবিতায় দারিদ্র্য কীভাবে কবিকে মহিমান্বিত করে তুলেছে তা মূল কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।
- ঙ) ‘আছে দুঃখ শেষে সুখ, দিবা পরে রাত্তি,
নিরাশায় সুখ-স্মৃতি, অন্ধকারে রাত্তি।’— তোমার পঠিত ‘অশ্রুক্ষণা’ কাব্য অবলম্বনে কবিহৃদয়ের এই অভিব্যক্তির স্বরূপ উল্লেখ করো।

- চ) ‘অন্তর্যামী’ কবিতায় কবির অন্তর্যামী কীভাবে ব্যক্তিগত জীবনে ও কাব্যে আশ্চর্য রহস্যের পরিমণ্ডল সৃষ্টি করে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ছ) ‘স্কন্ধ হইয়া বসিয়া রহিনু কি দিব জবাব আর’ — এখানে প্রশ্নটি কী তা উল্লেখ করে জবাবে কী বলা হয়েছে তা উল্লেখ করো। $২ + ৪ = ৬$
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$
- ক) ‘বীরাসুনা’ কাব্যের নায়িকারা সত্যিই বীরাসুনা কিনা আলোচনা করে এই কাব্যের নামকরণ কতখানি যুক্তিপূর্ণ হয়েছে তা তোমার পঠিত পত্র অবলম্বনে বিবৃত করো। $৭ + ৮ = ১৫$
- খ) ‘রবীন্দ্রনাথের কবি জীবনে চিত্রার যুগ জীবনদেবতা ভাবতত্ত্বের যুগ’ — তোমার পঠিত কবিতা অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) গীতিকবিতা বলতে কী বোঝো? গীতিকবিতার স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। $৫ + ১০ = ১৫$
- ঘ) ‘সবি পুরাতন, সখা,
আছে অশ্রুক্ষণা নব।’
— অশ্রুক্ষণা কাব্যটি সমগ্র বাংলা সাহিত্যে কোন্ কোন্ দিক থেকে গুরুত্বপূর্ণ তা আলোচনা করো।
- ঙ) ‘সাম্যবাদী’ কবিতা অবলম্বনে কবির সমাজচিত্তার বিভিন্ন দিক সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।
- চ) অমিয় চক্রবর্তীর ‘বৃষ্টি’ কবিতায় কবিমনের গভীর দার্শনিক অনুভূতি কীভাবে প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।